দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

তারিখ 07 MAR 1989
পৃষ্ঠা 3

23

# কয়েকজন শ্রে
# শিক্ষক ও কয়ে
# শিক্ষা প্রতিষ্ঠা


দেশের কয়েকটিস্থানে ক
মাধ্যমিক ও প্রাথমিক পর্যায়ে ক
জন শিক্ষককে বিভাগীয় ও
পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষকের সম্মান
হইয়াছে। কয়েকটি শিক্ষা
ষ্ঠানকেও সেরা শিক্ষা প্র
হিসাবে মনোনীত করা হই
খবর ইত্তেফাকের স্থানীয় স
দাতাদের।

**বরগুনা ঃ** খুলনা বি
শ্রেষ্ঠ শিক্ষক হিসাবে নির্বা
পুরস্কৃত বরগুনা জেলা স্কুলের
শিক্ষক জনাব মোহাম্মদ

(৪র্থ পৃঃ দ্রঃ)



মোহাম্মদ আবুল কাসেম



মুহম্মদ শহীদুল্লাহ

## কয়েকজন শ্রেষ্ঠ শিক্ষক

(৩য় পৃঃ পর)

কাসেমকে সম্প্রতি বরগুনা জেলা স্কুলে সম্বর্ধনা প্রদান করা হয়।

গত ১লা ফেব্রুয়ারী ঢাকা শিল্পকলা একাডেমীতে এক অনাড়ম্বর অনুষ্ঠানে তাঁহাকে ৮ হাজার টাকার চেক ও সনদপত্র প্রদান করা হয়। ফার্ষ্ট লেডী বেগম রওশন এরশাদ এই চেক ও সনদপত্র বিতরণ করেন। জনাব আঃ কাসেম দীর্ঘ ৩৫ বৎসর যাবৎ শিক্ষকতার পেশায় নিয়োজিত আছেন।

**বান্দরবান ঃ** বাংলাদেশ জাতীয় শিক্ষা সপ্তাহ ১৯৮৮ উপলক্ষে বান্দরবান সরকারী কলেজের বাংলা বিভাগের প্রধান জনাব মুহম্মদ শহীদুল্লাহ বান্দরবান পার্বত্য জেলার শ্রেষ্ঠ কলেজ শিক্ষক হিসাবে নির্বাচিত হইয়াছেন। শিক্ষা মন্ত্রণালয় হইতে তাহাকে একটি সনদপত্র ও ছয় হাজার টাকার চেক দেওয়া হইয়াছে। তিনি চাঁদপুরস্থ মতলব উপজেলার ফরাজীকান্দি গ্রামে জন্মগ্রহণ করেন এবং সুদীর্ঘ ২৫ বৎসর যাবৎ শিক্ষকতা পেশায় নিয়োজিত আছেন।

**রংপুর ঃ** বাংলাদেশ জাতীয় শিক্ষা সপ্তাহ '৮৯তে রংপুর কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজ এবং রংপুর সরকারী বালিকা বিদ্যালয় রাজশাহী বিভাগের শ্রেষ কলেজ এবং বিদ্যালয় হিসাবে পুরস্কার লাভ করিয়াছে। রংপুর কারমাইকেল কলেজের অধ্যক্ষ ডাঃ মোঃ আবদুল জব্বার মিয়া এবং রংপুর সরকারী বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষয়ত্রী গত ১লা ফেব্রুয়ারী শিক্ষা সপ্তাহের সমাপনী দিবসের অনুষ্ঠানে ফার্ষ্ট লেডী বেগম রওশন এরশাদের নিকট হইতে শেষ সনদপত্র এবং ১৫ হাজার টাকা পুরস্কার গ্রহণ করেন।

**কালিয়া ঃ** কালিয়া উপজেলার পুর্ব কালিয়া প্রাইমারী স্কুল ও টোপা প্রাইমারী স্কুল যথাক্রমে ১৯৮৫ ও ১৯৮৬ সালের জন্য উপজেলার শ্রেষ্ঠ প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচিত হইয়াছে। তবে দুই শিক্ষা প্রতিষ্ঠানের কোনও শি... কোন পুরস্কার পান নাই। এব্যাপারে উপজেলা শিক্ষা অফি... জানান, এজন্য উপজেলা প... হইতে অর্থ বরাদ্দ পাওয়া যায়...।